গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

**১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদ্‌যাপন উপলক্ষে কর্মসূচি প্রণয়নের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ ও সময় | : | ১২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ, সকাল ৯.৩০ ঘটিকা |
| স্থান | : | সভাকক্ষ ও জুম প্ল্যাটফর্ম |

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৯৭৫ সালে ১৫ আগস্টে শাহাদাত বরণকারী সকল শহিদ, ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে নিহত সকল শহিদ, নির্যাতিতা সকল মা-বোন ও জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং সকলকে স্বাগত জানান। অত:পর তিনি আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে আলোচ্যসূচি উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন)'কে অনুরোধ জানান। উপসচিব (প্রশাসন) জানান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপনের লক্ষ্যে গত ১৩-০২-২০২৩ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। তিনি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহিত এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি সংশ্লিষ্ট কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরেন।

০২. সভায় আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে শিশুবান্ধব বিভিন্ন কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

০৩. সভায় বিস্তারিত আলোচনার পর আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ গ্রহণ করা হয়ঃ

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ১. | ১৭ মার্চ ২০২৩ তারিখ প্রভাতে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় এবং এর আওতাধীন বিভাগ/জেলা পর্যায়ের সকল অফিস ভবনে বাংলাদেশ ফ্ল্যাগ রুলস্ ১৯৭২ অনুযায়ী সঠিক মাপ ও রং ঠিক রেখে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ২. | এ বিভাগের সকল কর্মকর্তা এবং আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধানগণসহ ঢাকাস্থ কার্যালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে সচিব মহোদয়ের নেতৃত্বে ১৭ মার্চ ২০২৩ তারিখে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে। উল্লিখিত কর্মকর্তাগণ'কে ১৭ মার্চ ২০২৩ তারিখ সকাল ৭.০০ ঘটিকায় রাসেল স্কয়ারে লাজ ফার্মার বিপরীত পাশে উপস্থিত থাকতে হবে। পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে ব্যানার ও পুষ্পস্তবক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ কর্তৃক প্রস্তুত করা হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৩. | ১৭ মার্চ ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উপলক্ষে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানি এবং তাদের আওতাধীন সকল অফিস ভবনে ও সকল মেট্রোরেল স্টেশনে প্রয়োজনীয় সংখ্যক ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) ও স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। এছাড়া এলেনবাড়িস্থ সওজ এর ঢাকা জোন কার্যালয় ভবনের দৃশ্যমান স্থানে ড্রপডাউন ব্যানার স্থাপন করতে হবে। এ বিভাগের উদ্যোগে ৭নং ভবনের উত্তর ও দক্ষিণ পাশে ০২টি ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) এবং ০৬টি স্ট্যান্ড ব্যানার স্থাপন করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

| ক্রম | কর্মসূচিসমূহ | বাস্তবায়নকারী বিভাগ/সংস্থা |
|---|---|---|
| ৪. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও জেলা কার্যালয় এবং বঙ্গবন্ধু এক্সপ্রেসওয়ে (ঢাকা-পদ্মা সেতু-ভাঙ্গা ইন্টারসেকশন), ভাঙ্গা ইন্টারসেকশন হতে টুঙ্গিপাড়া পর্যন্ত সড়কসহ অন্যান্য স্থাপনায় জাতীয় শিশু দিবসের আলোকে ব্যানার, ফেস্টুন, প্লেকার্ড, রঙ্গিন পতাকা ইত্যাদি দ্বারা সজ্জিতকরণ ও পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। এছাড়া সওজ অধিদপ্তর, এলেনবাড়িস্থ সওজ এর অফিস, বিআরটিএ, বিআরটিসি, ডিটিসিএ ভবনে আলোকসজ্জা করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০২৩ উদযাপন উপলক্ষে ১৭ মার্চ ২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে সমাজসেবা অধিদপ্তরের সাথে যোগাযোগ করে এতিম/পথশিশুদের নিয়ে মেট্রোরেল ভ্রমণ এবং উত্তরা উত্তর স্টেশনে কেক কাটা ও সংক্ষিপ্ত আলোচনা সভা আয়োজন করতে হবে। মেট্রোরেল ভ্রমণ শেষে বিআরটিসি'র ছাদ খোলা বাসযোগে আগারগাঁও হতে শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ, জাতীয় সংসদ ভবন, ধানমন্ডি-৩২ নম্বর সড়কে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত স্বাধীনতা চত্বর এবং জাতীয় শহীদ মিনার ভ্রমণের ব্যবস্থা করতে হবে। বিআরটিসি কর্তৃক ছাদ খোলা বাসটি দৃষ্টিনন্দনভাবে সজ্জিত করতে হবে। এ অনুষ্ঠানে ৭০টি টি-শার্ট, ৭০টি ক্যাপ ও ৭০টি প্ল্যাকার্ড ডিটিসিএ সরবরাহ করবে। পথশিশুদের মেট্রোরেল ভ্রমণের টিকেটের মূল্য সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ পরিশোধ করবে। ডিএমটিসিএল কেক ও স্ন্যাকস্ এবং বিআরটিসি দুপুরের খাবারের ব্যবস্থা গ্রহণ করবে। উক্ত অনুষ্ঠান সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:<br><br>১. জনাব মোঃ শফি উল হক, অতিরিক্ত সচিব (বাজেট) - আহবায়ক<br>২. জনাব নীলিমা আখতার, অতিরিক্ত সচিব - সদস্য<br>৩. জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়্যারম্যান, বিআরটিসি - সদস্য<br>৪. জনাব এ কে এম শামীম আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন) - সদস্য<br>৫. জনাব মোহাম্মদ আবদুর রউফ, কোম্পানি সচিব, ডিএমটিসিএল - সদস্য<br>৬. জনাব মোঃ আজিজুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বিআরটিএ - সদস্য<br>৭. জনাব সুলতানা ইয়াসমীন, যুগ্মসচিব (বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প ও রক্ষণা:) - সদস্য<br>৮. সৈয়দা ফারহানা কাউনাইন, যুগ্মসচিব (সম্পত্তি) - সদস্য<br>৯. জনাব মো. আবু নাছের, উপসচিব (কানেক্টিভিটি) - সদস্য<br>১০. জনাব নীলিমা আফরোজ, উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) - সদস্য<br>১১. জনাব মোহম্মদ সাইদুর রহমান, জেনারেল ম্যানেজার (প্রশা ও পার্সো:), বিআরটিসি- সদস্য<br>১২. জনাব মোঃ নাজমুল হক, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ -সদস্য<br>১৩. জনাব মোঃ জিকরুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), সওজ - সদস্য<br>১৪. জনাব টিনা পাল, সিনিয়র সহকারী সচিব (টোল ও এক্সেল) - সদস্য<br>১৫. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বিআরটি - সদস্য<br>১৬. জনাব মোঃ জহিরুল ইসলাম, উপসচিব (সড়ক নিরাপত্তা)- সদস্য-সচিব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৬. | এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা/কোম্পানির প্রধান কার্যালয় ও বিভাগ/জেলা কার্যালয়ের উদ্যোগে আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন করতে হবে। বিশেষ মোনাজাত ও প্রার্থনায় উপস্থিত ব্যক্তিসহ দরিদ্র জনগোষ্ঠির মধ্যে খাবার/মিষ্টান্ন বিতরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএল, ঢাকা বিআরটি |
| ৭. | আগামী ১৭ মার্চ ২০২৩ তারিখে প্রত্যেক বিভাগ/জেলা/উপজেলায় কেন্দ্রীয়ভাবে আয়োজিত সকল কর্মসূচি/অনুষ্ঠানে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার স্থানীয় কর্মকর্তাগণকে ফুলের তোড়া ও ব্যানারসহ উপস্থিত থাকতে হবে। স্থানীয় কর্মকর্তাগণের সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় নির্দেশনা স্ব স্ব অফিস প্রদান করবে। | সওজ অধিদপ্তর, বিআরটিসি, বিআরটিএ |

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
১২/০৩/২০২৩
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০৩.২১-২৯৯

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯ / ১২ মার্চ ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৭. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৮. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৯. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১২. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‌্যাপিড ট্রানজিট কোম্পানি লিঃ, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
১৪. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৫. জনাব মোহাম্মদ আবদুর রউফ, কোম্পানি সচিব, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
১৬. জনাব মোঃ আজিজুল ইসলাম, পরিচালক (প্রশাসন), বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৮. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১৯. জনাব মোহম্মদ সাইদুর রহমান, জেনারেল ম্যানেজার (প্রশা ও পার্সো:), বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
২০. জনাব মোঃ নাজমুল হক, পরিচালক (প্রশাসন), ডিটিসিএ, ডিটিসিএ ভবন, তেজগাঁও, ঢাকা।
২১. জনাব মোঃ জিকরুল হাসান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ), সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২২. জনাব মোঃ সাইফুল ইসলাম, কোম্পানি সচিব, ঢাকা বিআরটি, বাড়ী-০৪, রোড-২১, সেক্টর-০৪, উত্তরা, ঢাকা।
২৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৪. সিনিয়র তথ্য অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

12/3/2023

(নীলিমা আফরোজ)
উপসচিব
ফোন: ৯৫৬০৯৬৬
ই-মেইল: sasadmin@rthd.gov.bd